

ত্রিপুরা সরকার
উপজাতি কল্যাণ দপ্তর

Pre-Matric Scholarship ও Post-Matric Scholarship

সম্পর্কিত বিজ্ঞপ্তি

উপজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ত্রিপুরায় স্থায়ী ভাবে বসবাসকারী রাজ্যে ও বহিঃরাজ্যে পাঠরত সকল উপজাতি ছাত্র/ছাত্রীদের ও সংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে জানানো জাইতেছে যে ২০২০-২১ শিক্ষাবর্ষের জন্য Pre-Matric Scholarship ও Post-Matric Scholarship পাওয়ার জন্য উপজাতি ছাত্র/ছাত্রীদের National Scholarship Portal (www.scholarships.gov.in) এর মাধ্যমে নিম্নলিখিত শর্ত শাপেক্ষে online application আহ্বান করা হচ্ছে।

১	ছাত্র/ছাত্রীদের আবেদন করার সময়সীমা:-	১৫ই নভেম্বর, ২০২০ ইং তারিখ থেকে ৩১শে জানুয়ারী ২০২১ ইং তারিখ পর্যন্ত।
২	শিক্ষাপ্রতিষ্ঠান (Institution Level Nodal Officer) দ্বারা ছাত্র/ছাত্রীদের online আবেদনপত্র ভেরিফিকেশন :-	১৫ নভেম্বর, ২০২০ ইং তারিখ থেকে ১০ই ফেব্রুয়ারী ২০২১ ইং তারিখ পর্যন্ত। উক্ত তারিখের মধ্যে online আবেদনপত্র ভেরিফিকেশন বাধ্যতামূলক ভাবে করতে হবে।
৩	সংশ্লিষ্ট জেলা কল্যাণ আধিকারিক (District Level Nodal Officer, DWO) দ্বারা আবেদনপত্র ভেরিফিকেশন:-	১৫ই নভেম্বর, ২০২০ ইং তারিখ থেকে ১২ই ফেব্রুয়ারী ২০২০ ইং তারিখ পর্যন্ত। উক্ত তারিখের মধ্যে online আবেদনপত্র ভেরিফিকেশন বাধ্যতামূলক ভাবে করতে হবে।
৪	State Nodal Officer, দ্বারা আবেদনপত্র ভেরিফিকেশন:-	১৫ই নভেম্বর, ২০২০ ইং তারিখ থেকে ১৫ই ফেব্রুয়ারী ২০২১ ইং তারিখ পর্যন্ত।

নতুন ছাত্র-ছাত্রীরা ২০২০-২১ শিক্ষাবর্ষের জন্য Fresh হিসাবে আবেদন করবেন, যারা উক্ত স্বীমে ২০১৯-২০ সনে কোন স্টাইপেন্ডের জন্য আবেদন করে নাই। সকল স্তরের ছাত্র/ছাত্রীরা online আবেদন করার সময় online এ নিম্নলিখিত কাগজ পত্রগুলি অবশ্যই upload করতে হবে এবং আবেদনপত্রের পূরণ করা প্রিন্ট কপি ও কাগজ পত্র সহ নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে অবশ্যই জমা দিতে হবে।

১) তপশিলী উপজাতি শংসাপত্রের প্রতিলিপি। ২) গতবছরের মার্কশীট। ৩) পাসপোর্ট সাইজ ছবি। ৪) পারিবারিক বাৎসরিক আয়ের শংসাপত্র (original)/পিতা অথবা মাতা চাকুরীরত হইলে Current Salary certificate (DDO)।

যে সকল ছাত্র/ছাত্রীরা ২০১৯-২০ শিক্ষাবর্ষে Pre-Matric Scholarship ও Post-Matric Scholarship পেয়েছেন ২০২০-২১ শিক্ষাবর্ষে তারা Renewal হিসাবে আবেদন করতে পারবে এবং সেই ক্ষেত্রে নতুন ভাবে কোন কাগজ পত্র জমা দেওয়ার প্রয়োজন নাই।

বহিঃরাজ্যে পাঠরত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে online আবেদনপত্রের পূরণ করা প্রিন্ট কপি উপরোক্ত কাগজ সহ নিজ নিজ মহকুমা কল্যাণ আধিকারিকের কাছে অবশ্যই জমা দিতে হইবে।

এই বিজ্ঞপ্তি সমস্ত বিদ্যালয়/মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদের গোচরে নেবেন।

বিঃদ্রঃ- বিস্তারিত বিবরণের জন্য নিজ নিজ মহকুমা কল্যাণ আধিকারিকের কাছে যোগাযোগ করা যাইতে পারে। এই মর্মে বিশেষ ভাবে উল্লেখ থাকে যে সকল ছাত্র/ছাত্রীদের Bank Account Number সঠিক ভাবে দিতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে online আবেদন না করিলে কিংবা আবেদনপত্র online এ ভেরিফিকেশন না করার কারণে পরবর্তী সময়ে Scholarship না পাইলে উপজাতি কল্যাণ দপ্তরের কতৃপক্ষ দায়ী থাকিবে না।

স্বাক্ষর
অধিকর্তা
উপজাতি কল্যাণ দপ্তর